# ঢাকা আইডিয়াল ক্যাডেট মাদরাসা
# ঢাকা জারীফ স্কুল

রোড-২২,বাড়ি-৩৩ এবং ৩৭, রূপনগর আ/এ, মিরপুর,ঢাকা। ফোন-০২-৪৮০৩৮৫৩৬

Dhaka Zarif School

সূত্র ... তাং- ৩১/০৮/২০২৫

## বার্ষিক আনন্দ ভ্রমণ

সন্মানিত অভিভাবকবৃন্দ

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ

পুরো বছর জুড়ে শিক্ষার্থীরা অনেকটা বিরতিহীনভাবে পড়া লেখার মাঝেই নিমগ্ন থাকে। শিক্ষার্থীদের মাঝে মৌলিক শিক্ষার পাশাপাশি একটুখানি বিনোদন পড়ালেখায় এক ঘেয়েমি দূর করে কিছুটা হলেও স্বস্তি এনে দেয়।

আলহামদুলিল্লাহ, স্বস্তিদায়ক বিনোদনের জন্য প্রতিবারের ন্যায় এবারো অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী, সন্মানিত অভিভাবক ও শিক্ষকগন মিলে বার্ষিক আনন্দ ভ্রমণ ও ক্রীড়া প্রতিযোগীতায় যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

তাই এবার আমাদের ঢাকার অন্যতম **রোমাঞ্চকর বিনোদন স্পট“আনোয়ার সিটি ম্যাজিক আইল্যান্ড” এ** যাওয়ার আয়োজন করা হয়েছে।

অত্র প্রতিষ্ঠানের পক্ষ থেকে **“ম্যাজিক আইল্যান্ড”** এ প্রবেশ ফি + রাইড* + ওয়াটার পার্কের সব রাইডে চড়তে ও দুপুরের খাবারসহ আসা-যাওয়ার খরচ মিলিয়ে সর্বসাকুল্যে আমাদের খরচ হবে **জনপ্রতি ১৫০০/- টাকা।**

অতএব, কেরানীগঞ্জে অবস্থিত এ **রোমাঞ্চকর বিনোদন স্পটে** স্ব-পরিবারে জনপ্রতি ১৫০০/- টাকা পরিশোধ করে অত্র প্রতিষ্ঠানের বার্ষিক আনন্দ ভ্রমণে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে আহ্বান করা যাচ্ছে।

আনন্দভ্রমণের তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৫ইং রোজ বৃহস্পতিবার। গাড়ি ছেড়ে যাবে ঠিক সকাল ৭.০০টায়।

- নিরাপত্তার স্বার্থে বড়-ছোট সকল ছাত্র/ছাত্রীর সঙ্গে অবশ্যই অভিভাবক সঙ্গে যেতে হবে। অভিভাবক ছাড়া যাওয়া যাবে না।
- যাওয়ার সময় ছাত্র/ছাত্রীদের প্রতিষ্ঠানের নির্ধারিত ড্রেস পরার পাশাপাশি ওয়াটার রাইড (সুইমিং) এর জন্য একাধিক ড্রেস সঙ্গে নিয়ে যেতে হবে এবং অবশ্যই মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে।
- স্পটে দুপুরের খাবারের ব্যবস্থা থাকবে।
- ৩ ফুটের উচ্চতার উপরে সবার জন্য টিকিট বাধ্যতামূলক (পার্ক কর্তৃপক্ষের নিয়মানুযায়ী প্রযোজ্য)।
- অভিভাবকগনের একে অপরের পরিচিত যে কোনো ব্যক্তি বা পরিবার অংশ গ্রহণ করতে পারবেন।
- মাদরাসার অফিস থেকে টিকিট সংগ্রহের শেষ সময় ১৬ সেপ্টেম্বর ২০২৫ইং রোজ মঙ্গলবার।
- **বিশেষ আকর্ষণ: শুধু মহিলাদের জন্য পূর্ণ পর্দার সাথে পৃথকভাবে ওয়াটার কিংডম রাইড উপভোগের ব্যবস্থা থাকবে।**